# হাম, মাম্পস এবং রুবেলা

টিকাদান তথ্য

**দাপ্তরিক**

জাতীয় টিকাদান কর্মসূচির সময়সূচী ১২ মাস এবং ১৮ মাস বয়সী শিশুদের বিনামূল্যে হাম-মাম্পস-রুবেলা (MMR) টিকা প্রদান করে।

## হাম (মীজেলস)

হাম একটি গুরুতর এবং অত্যন্ত সংক্রামক ভাইরাসজনিত রোগ যার ফলে জ্বর, নাক দিয়ে পানি পড়া, কাশি এবং চোখ লাল হয়ে যায়, তারপরে ফুসকুড়ি দেখা দেয়। হাম কখনও কখনও নিউমোনিয়া এবং মস্তিষ্কপ্রদাহের (এনসেফালাইটিস) মতো বিপজ্জনক জটিলতা সৃষ্টি করতে পারে।

হামে আক্রান্ত প্রতি ১,০০০ জনের মধ্যে ১ জনের মস্তিষ্ক প্রদাহ (এনসেফালাইটিস) ঘটে। হামে আক্রান্ত হয়ে এনসেফালাইটিস (মস্তিষ্কের প্রদাহ) হওয়া প্রতি ১০ জন শিশুর মধ্যে ১ জন মারা যাবে এবং অনেকের মস্তিষ্কের স্থায়ী ক্ষতি হবে।

হামের সংক্রমণের কয়েক বছর পরে সাবঅ্যাকিউট স্কলেরোজিং প্যানেন্সফালাইটিস (SSPE, মস্তিষ্কের অবক্ষয়) নামক একটি বিরল অবস্থা দেখা দিতে পারে। SSPE দ্রুত মস্তিষ্ককে ধ্বংস করে দেয় এবং সর্বদা মারাত্মক।

কোনো ব্যক্তি অসুস্থ বুঝতে পারার আগেই সংক্রমিত ব্যক্তির কাশি বা হাঁচির মাধ্যমে হাম ছড়াতে পারে।

## মাম্পস

মাম্পসের কারণে জ্বর, মাথাব্যথা এবং লালা গ্রন্থির প্রদাহ হয়। প্রায় প্রতি ৫,০০০ শিশুর মধ্যে ১ জনের এনসেফালাইটিসে (মস্তিষ্কের প্রদাহ) আক্রান্ত হয়। এই রোগ বন্ধ্যাত্ব এবং স্থায়ী বধিরতা সৃষ্টি করতে পারে।

মাম্পস আক্রান্ত প্রতি ৫ জন কিশোর বা প্রাপ্তবয়স্ক পুরুষের মধ্যে ১ জনের অণ্ডকোষে ব্যথাজনক প্রদাহ এবং ফোলাভাব দেখা দেয়। এই রোগে আক্রান্ত পুরুষরা সাধারণত সম্পূর্ণ সুস্থ হয়ে ওঠেন, তবে বিরল ক্ষেত্রে এটি বন্ধ্যাত্বের কারণ হতে পারে।

সংক্রমিত ব্যক্তি অসুস্থ বুঝতে পারার আগেই তার কাশি বা হাঁচির মাধ্যমে মাম্পস ছড়াতে পারে।

## রুবেলা

এটি একটি হালকা শৈশব রোগ, তবে এটি কিশোর-কিশোরী এবং প্রাপ্তবয়স্কদেরও আক্রান্ত করতে পারে। এই রোগের ফলে গ্রন্থি ফুলে যায়, জয়েন্টে ব্যথা হয় এবং মুখ ও ঘাড়ে ফুসকুড়ি হয় যা ২ থেকে ৩ দিন স্থায়ী হয়। আরোগ্য সর্বদা দ্রুত এবং সম্পূর্ণ হয়।

গর্ভাবস্থার প্রথম ২০ সপ্তাহে যখন একজন মহিলা রুবেলা রোগে আক্রান্ত হন, তখন এটি সবচেয়ে বিপজ্জনক। এর ফলে নবজাতক শিশুর মধ্যে গুরুতর অস্বাভাবিকতা দেখা দিতে পারে। বধিরতা, অন্ধত্ব, হৃদরোগ এবং বুদ্ধিবৃত্তিক অক্ষমতা দেখা দিতে পারে।

সংক্রমিত ব্যক্তি অসুস্থ বুঝতে পারার আগেই তার কাশি বা হাঁচির মাধ্যমে রুবেলা ছড়াতে পারে।

রুবেলা অত্যন্ত সংক্রামক এবং গর্ভবতী মা এবং তাদের শিশুদের সুরক্ষার সর্বোত্তম উপায় হল গর্ভবতী হওয়ার আগে মহিলাদের টিকা দেওয়া নিশ্চিত করা।

*টিকাদানের পর এক মাস গর্ভধারণ এড়িয়ে চলা উচিত।

# হাম-মাম্পস-রুবেলা (MMR) টিকা

১৮ মাস বয়সী শিশুদের জন্য চিকেনপক্স (MMRV) এর সাথে MMR টিকাও পাওয়া যায় এবং এতে প্রতিটি ভাইরাসের অল্প পরিমাণে এবং শক্তি কম থাকে এবং অ্যান্টিবায়োটিক নিওমাইসিন অল্প পরিমাণে থাকে।

# MMR ভ্যাকসিনের সম্ভাব্য পার্শ্বপ্রতিক্রিয়া

রোগের জটিলতার তুলনায় MMR ভ্যাকসিনের প্রতিক্রিয়া অনেক কম দেখা যায়।

## সাধারণ পার্শ্বপ্রতিক্রিয়া

টিকা দেওয়ার ৭ থেকে ১০ দিন পরে দেখা যায়:

- ৩৯ ডিগ্রি সেলসিয়াসের বেশি জ্বর
- হালকা লাল ফুসকুড়ি (সংক্রামক নয়)
- মাথা ঠান্ডা এবং/অথবা নাক দিয়ে পানি পড়া
- কাশি এবং/অথবা চোখ ফোলা
- তন্দ্রা বা ক্লান্তি
- লালা গ্রন্থি ফুলে যাওয়া
- ইনজেকশনের স্থানে একটি অস্থায়ী ছোট পিণ্ড।

## অস্বাভাবিক পার্শ্বপ্রতিক্রিয়া

- জ্বরের কারণে খিঁচুনি (জ্বরজনিত খিঁচুনি)
- জয়েন্টগুলোতে অস্থায়ী ব্যথা এবং শক্ত হয়ে যাওয়া
- অস্থায়ীভাবে প্লেটলেটের সংখ্যা কমে যাওয়া, যার ফলে রক্তপাত বা ক্ষত দেখা দেয়।

## অত্যন্ত বিরল পার্শ্বপ্রতিক্রিয়া

একটি তীব্র অ্যালার্জির প্রতিক্রিয়া।

যদি হালকা প্রতিক্রিয়া দেখা দেয়, তবে তা ২ থেকে ৩ দিন স্থায়ী হতে পারে। পার্শ্ব প্রতিক্রিয়াগুলি কমানো যেতে পারে:

- ইনজেকশনের স্থানে ঠান্ডা ভেজা কাপড় রাখা
- জ্বর হলে অতিরিক্ত তরল পান করা এবং অতিরিক্ত পোশাক না পরা
- অস্বস্তি কমাতে প্যারাসিটামল খাওয়া (অথবা আপনার সন্তানকে দেওয়া) (আপনার সন্তানের বয়স অনুসারে প্রস্তাবিত ডোজটি লক্ষ্য করুন)।

যদি প্রতিক্রিয়াগুলি তীব্র বা স্থায়ী হয়, অথবা আপনি যদি চিন্তিত হন, তাহলে আপনার ডাক্তার বা হাসপাতালের সাথে যোগাযোগ করুন। আপনি ভিক্টোরিয়ান ভ্যাকসিন সুরক্ষা পরিষেবাতে ১৩০০ ৮৮২ ৯২৪ নম্বরে অপশন ১ এ কল করতে পারেন।

# টিকা গ্রহণের পূর্বে চেকলিস্ট

আপনার বা আপনার শিশুকে টিকা দেওয়ার আগে, নিম্নলিখিতগুলির মধ্যে কোনটি প্রযোজ্য হলে ডাক্তার বা নার্সকে বলুন:

- ☐ গত মাসে জীবন্ত ভাইরাসযুক্ত টিকা (যেমন MMR, চিকেনপক্স বা BCG) নিয়েছেন কি?
- ☐ টিকাদানের দিন অসুস্থ (তাপমাত্রা ৩৮.৫ ডিগ্রি সেলসিয়াসের বেশি)
- ☐ পূর্ববর্তী MMR টিকার তীব্র প্রতিক্রিয়া হয়েছে
- ☐ কোনও টিকার উপাদান, যেমন নিওমাইসিনের প্রতি তীব্র অ্যালার্জি আছে কিনা
- ☐ শ্বাস-প্রশ্বাসের মাধ্যমে নেওয়া হাঁপানির স্প্রে বা স্টেরয়েড ক্রিম (যেমন, কর্টিসোন বা প্রেডনিসোন) ছাড়া অন্য কোনও ধরণের স্টেরয়েড গ্রহণ করছেন?
- ☐ গত এক বছরে ইমিউনোগ্লোবুলিন বা রক্তের কোনও পণ্য গ্রহণ করেছেন
- ☐ এমন কোনও রোগ আছে অথবা চিকিৎসাধীন আছেন যার কারণে রোগ প্রতিরোধ ক্ষমতা কমে যায় (যেমন, লিউকেমিয়া, ক্যান্সার, এইচআইভি/এইডস, রেডিওথেরাপি বা কেমোথেরাপি)
- ☐ টিকাদানের এক মাসের মধ্যে গর্ভবতী হন অথবা গর্ভবতী হওয়ার পরিকল্পনা করেন।

# আরও তথ্য

- www.betterhealth.vic.gov.au
- www.immunise.health.gov.au
- ট্রান্সলেটিং এন্ড ইন্টারপ্রেটিং সার্ভিস (Translating and interpreting service), পেতে কল করুন ১৩১ ৪৫০

এই ডকুমেন্টটি অন্য ফর্ম্যাটে পেতে, টিকাদান ইউনিটে ইমেল করুন <immunisation@health.vic.gov.au>.

ভিক্টোরিয়ান সরকার কর্তৃক অনুমোদিত এবং প্রকাশিত, ১ ট্রেজারি প্লেস, মেলবোর্ন।

© স্টেট অফ ভিক্টোরিয়া, অস্ট্রেলিয়া, স্বাস্থ্য অধিদপ্তর, ডিসেম্বর ২০২২।